ISO 9001:2015 Certified

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।

পোষ্ট কোড নং-৬৭০০

E-Mail-sirajganjpbs2@gmail.com

Web :pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০৩৮.২৪. ৯৮০২ তারিখঃ ১৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ। ২৭ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ।

প্রতি,

----------------------------------------

----------------------------------------

----------------------------------------

বিষয়ঃ অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) এবং বিনষ্ট কাঠের ক্রসআর্ম নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি প্রসংগে।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ কর্তৃক পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরের অব্যবহৃত প্যাকিং কাঠ এবং বিনষ্ট কাঠের ক্রসআর্ম "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলগালা খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। প্যাকিং কাঠের বিবরণ নিম্নরুপঃ

| প্যাকেজ নং | বিবরণ | পরিমান | উদ্ধৃত একক মুল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| **প্যাকেজ-১** | **অব্যবহৃত প্যাকিং কাঠ (জ্বালানী হিসাবে ব্যবহারযোগ্য)** | ২,৪০০ (দুই হাজার চারশত) কেজি | | |
| **প্যাকেজ-২** | **বিনষ্ট কাঠের ক্রসআর্ম** | ৩৫,৭৮৫ (পঁয়ত্রিশ হাজার সাতশত পঁচাশি) কেজি | | |
| কথায়ঃ------------------------------------------------------------ | | | সর্বমোট = | |

**শর্তাবলীঃ**

০১। **দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ** দরপত্র আগামী ০৬/০৫/২০২৫খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা (২) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর (শিয়ালকোল, সিরাজগঞ্জ)-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে। দাখিলকৃত দরপত্র সমুহ একই দিন বেলা ১১:৩৫ ঘটিকার উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিজ নিজ দাখিলকৃত স্থানে খোলা হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হইবে না।

০২। নিলামে উদ্ধৃত সর্বমোট মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) হারে আর্নেষ্টমানি "সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২" এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (নগদ অর্থ গ্রহণযোগ্য নয়) দরপত্রের সহিত জমা প্রদান করিতে হইবে। আর্নেষ্টমানি ব্যাতীত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হইবে না। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধপূর্বক বর্ণিত অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী)এবং বিনষ্ট কাঠের ক্রসআর্ম সমূহ গ্রহন করিতে হইবে। তাহাছাড়াও কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে সরকারী বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের সহিত ভ্যাট ও উৎসকরসহ পরিশোধ করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল গ্রহণ করিতে ব্যর্থ হইলে নিলাম আদেশ বাতিল করতঃ নিলাম দরপত্রের সহিত প্রদত্ত আর্নেষ্টমানি অত্র পবিসের অনুকুলে বাজেয়াপ্ত করা হইবে। অকৃতকার্য দরদাতাগণের আর্নেষ্টমানি নিয়মানুযায়ী ফেরৎ প্রদান করা হইবে।

০৩। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান "অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী)"এবং বিনষ্ট কাঠের ক্রসআর্ম অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর (শিয়ালকোল, সিরাজগঞ্জ) এ দেখিতে পারিবেন।

**চলমান পাতাঃ ০২**

০৫। **প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ প্যাকেজ-১ ও প্যাকেজ-২** আলাদা আলাদাভাবে মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্ব্বোচ্চ নিলাম দরদাতার আনেষ্টমানি নগদায়ন করা হবে।

০৬। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া বিবেচিত হইবে। কোন কারণ প্রদর্শন ছাড়াই যে কোন বা সকল দরপত্র কিংবা দরপত্রের অংশ বিশেষ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৭। **নিলাম প্যাকেজ-২ নং এর জন্য বিশেষ নির্দেশনাঃ** পবিস ও পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে ব্যবহার অনুপযোগী ও কনডেমকৃত এ সকল কাঠ Choromated copper aresenate (CCA) ট্রিটেট থাকায় এগুলো কোনভাবেই জ্বালানী কাঠ হিসাবে ব্যবহার করিতে পারিবেন না। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয় কর্তৃক ২০১০ সালে প্রণীত 3R Strategy (Rduce, Re-use and Recycle) For Waste Management নীতিমালা অনুযায়ী বৈদ্যুতিক লাইন হতে অপসারিত এ সকল কাঠের অংশ শুধুমাত্র কম্পোজিট উড তৈরীর মাধ্যমে পুন:চক্রায়ন (Recycling) করার বিষয়ে সক্ষম ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী শিল্প প্রতিষ্ঠানকে বা শিল্প প্রতিষ্ঠানসমূহের পক্ষে তাদের মনোনীত প্রতিনিধি/প্রতিষ্ঠানসমূহের মনোনীত কাঁচামাল সরবরাহকারী ডিলারগনকে তাদের নিজস্ব প্যাডে আবেদন করিতে পারিবেন।

০৮। খামের উপর স্পষ্টাক্ষরে **"অব্যবহৃত প্যাকিং কাঠ (লাকড়ী) ও বিনষ্ট কাঠের ক্রসআর্ম নিলামে বিক্রয়ের দরপত্র"** কথাটি লিখিতে হইবে।

০৯। দরপত্রে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

২৯/০৪/২৫

(খঃ শামীম আলম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ------------------ পবিস-১/২/৩/৪।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কাজিপুর/বেলকুচি/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সিরাজগঞ্জ।
৮। ডিজিএম, কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি, সিরাজগঞ্জ পবিস-২।
৯। এজিএম (অর্থ/এম,এস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/তামাই/পিপুলবাড়িয়া সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১১। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
১২। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৩। অফিস/মাস্টার কপি।

২৯/০৪/২৫

(মোঃ জাহাঙ্গীর আলম)
এজিএম (প্রশাসন)